

Joint Press Statement - Meeting of External Affairs Minister and the Foreign Minister of China (September 10, 2020)

September 10, 2020

ভারতের বিদেশমন্ত্রী এবং চিনের বিদেশমন্ত্রীর বৈঠকের(সেপ্টেম্বর 10,2020) যৌথ প্রেস বিবৃতি

সেপ্টেম্বর 10,2020

10 ই সেপ্টেম্বর মস্কোতে সাংহাই সহযোগিতা প্রতিষ্ঠান(এসসিও)-র পার্শ্ব বৈঠকে ভারতের বিদেশমন্ত্রী মহামান্য এস.জয়শংকর চিনের বিদেশমন্ত্রী এবং স্টেট কাউন্সিলর মহামান্য ওয়াং ই-র সাথে মুখোমুখি হয়েছেন। উভয় মন্ত্রী নিজেদের মধ্যে ভারত-চীন সীমান্তের ঘটনাবলী এবং সেই সাথে ভারত-চীন সম্পর্ক নিয়ে খোলাখুলি এবং গঠমূলক আলোচনা করেছেন এবং নিম্নলিখিত বিষয়গুলিতে সহমত হয়েছেন।

1. দুই মন্ত্রী সহমত হয়েছেন যে, মতান্তরকে মনান্তরে পর্যবসিত হতে না দেওয়া সহ, ভারত-চীন সম্পর্কের বিকাশে নেতাদের ঐক্যমতের শৃঙ্খলা থেকে উভয় পক্ষের পথনির্দেশিকা গ্রহণ করা উচিত।

2. দুই বিদেশমন্ত্রী সহমত হয়েছেন যে, সীমান্তের বর্তমান পরিস্থিতি কোনো পক্ষের জন্যই ভালো নয়। তার জন্য তারা সহমত হয়েছেন যে, উভয় পক্ষের সীমান্ত বাহিনীর উচিত তাদের আলাপ আলোচনা চালিয়ে যাওয়া , দ্রুত সৈন্য সরিয়ে নেওয়া , সঠিক দূরত্ব বজায় রাখা এবং উত্তেজনা প্রশমিত করা।

3. দুই মন্ত্রী সহমত প্রকাশ করেছেন যে, উভয় পক্ষের উচিত চীন-ভারত সীমান্ত বিষয়ে উপস্থিত চুক্তি এবং প্রোটোকলকে মেনে চলা, সীমান্ত এলাকায় শান্তি এবং সুস্থিতি বজায় রাখা এবং কোন পক্ষেরই যাতে পরিস্থিতির অবনতি হতে পারে এমন কোন কাজ না করা ।

4. ভারত-চীন সীমান্ত প্রশ্নে বিশেষ প্রতিনিধি কার্যব্যবস্থার মাধ্যমে আলাপআলোচনা এবং যোগাযোগ চালিয়ে যেতেও দুই পক্ষ সহমত হয়েছেন। তারা আরাও সহমত ব্যক্ত করেছেন যে, এই প্রসঙ্গে ভারত-চীন সীমান্ত বিষয়ে পরামর্শ এবং সমন্বয়ের কার্য পদ্ধতি বা ওয়ার্কিং মেকানিজম ফর কনসালটেশন অ্যান্ড কোঅরডিনেশন (ডবলিউএমসিসি)-এর বৈঠক চালিয়ে যাওয়া উচিত।

5. দুই মন্ত্রী সহমত হয়েছেন যে, পরিস্থিতি শান্ত হলে সীমান্ত এলাকায় শান্তি ও সুস্থিতি বৃদ্ধি ও বজায় রাখার জন্য নতুন আস্থা গঠন সম্পন্ন করার ক্ষেত্রে দুই পক্ষের দ্রুততার সাথে কাজ করা উচিত।

মস্কো

সেপ্টেম্বর 10, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.